

ঢাকা ওয়াসা

বিষয়ঃ স্টেনো টেলিফোন সেট ও ক্যাবল ক্রয় করণ প্রসঙ্গে।

৮৩। উপর্যুক্ত বিষয়ের পরিশ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসা'র উর্ধ্বতন কর্মকর্তাগণ (বোর্ড চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক, উপ-ব্যবস্থাপনা পরিচালক, সচিব, চীফ ইঞ্জিনিয়ার, অতিঃ চীফ ইঞ্জিনিয়ার, বাণিজ্যিক ব্যবস্থাপক, প্রধান রাজস্ব কর্মকর্তা, তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা প্রমুখ) নিজ নিজ দপ্তরে সাধারণত স্টেনো টেলিফোন সেট (পিএ টু বস) ব্যবহার করে থাকেন। অনেক সময় দেখা যায় কোন একজন উর্ধ্বতন কর্মকর্তার দাপ্তরিক স্টেনো টেলিফোন সেট নষ্ট হয়ে গেলে জরুরী মুহুর্তে তাৎক্ষণিকভাবে টেলিফোন সেট সরবরাহ করা সম্ভব হয়না। উহার অনুমোদন ও টাকা নগদায়নে অনেক সময় লেগে যায়। এতে করে টেলিফোনিক যোগাযোগে বিঘ্ন সৃষ্টি হয়। বহিরাগত যেমন মন্ত্রণালয়, এ্যাম্বাসি ও অন্যান্য সংস্থা হতে আগত কলসমূহ মিস হয়ে যাওয়ার কারণে অফিসিয়াল প্রটোকল ভঙ্গ হওয়ার সম্ভাবনা থাকে। এসকল জটিলতা এড়ানোর লক্ষ্যে ৩টি অতিরিক্ত স্টেনো টেলিফোন সেট ক্রয় করে মজুত রাখা জরুরী প্রয়োজন। এছাড়াও জরুরী মুহুর্তে টেলিফোন লাইন মেরামত করণের জন্য সিঙ্গেল পেয়ার ২কয়েল, ২পেয়ার ২কয়েল এবং ৩পেয়ার ১কয়েল ক্যাবল ক্রয় করা প্রয়োজন। সরকার মালিকাবীন টেলিফোন বিক্রয়কারী প্রতিষ্ঠান টেলিফোন শিল্প সংস্থা (টেশিস) এর ওয়েভ সাইট হতে স্টেনো টেলিফোনের মূল্য তালিকা এবং বিআরবি ক্যাবল ইন্ডাস্ট্রিজ এর ওয়েভ সাইট হতে ক্যাবলসমূহের মূল্য তালিকা সংগ্রহ করা হয়েছে। সংগৃহীত মূল্য তালিকা অনুযায়ী মালামাল ক্রয়ের প্রাক্কলন নিম্নে ছকে প্রদান করা হলো।

মালামালের বিবরণ	পরিমাণ	একক মূল্য	মোট মূল্য	মন্তব্য
স্টেনো টেলিফোন সেট Model: KX-TS-880MX	৩টি	৩৩৫০০/-	১০০৫০০/-	নথির পত্রাংশে সংযুক্ত মূল্য তালিকা দ্রষ্টব্য।
সিঙ্গেল পেয়ার ক্যাবল	২ কয়েল	২২৯৫.০০/-	৪৫৯০/-	নথির পত্রাংশে সংযুক্ত মূল্য তালিকা দ্রষ্টব্য।
২ পেয়ার	২ কয়েল	৩৭৩৬.০০/-	৭৪৭২/-	
৩ পেয়ার	১ কয়েল	৫৫৩৯.০০/-	৫৫৩৯/-	
সর্বমোট = এক লক্ষ আঠারো হাজার একশত এক টাকা মাত্র			১,১৮,১০১/-	

৮৪। এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে বর্ণিত মালামাল ক্রয় করতে সর্বমোট ১,১৮,১০১/- (এক লক্ষ আঠারো হাজার একশত এক) টাকা ব্যয় হবে। এ ব্যয়ের প্রশাসনিক অনুমোদন প্রয়োজন। প্রস্তাব অনুমোদিত হলে এ অর্থ উপ-সচিব (কমন সার্ভিস বিভাগ) এর অনুকূলে অস্থায়ী অগ্রিম প্রদান করা যেতে পারে। উল্লেখ্য, বর্ণিত অর্থ কমন সার্ভিস বিভাগের “ফার্মিচার ও অফিস ইকুইপমেন্ট” খাত হতে ব্যয় করা হবে।

প্রস্তাব সদয় অনুমোদনের জন্য পেশ করা হলো।

মোঃ শাহ আলম
যোগাযোগ কর্মকর্তা
কমন সার্ভিস বিভাগ
ঢাকা ওয়াসা।

DS (ces)

মোঃ আলমগীর হোসেন
উপ-সচিব
কমন সার্ভিস বিভাগ
ঢাকা ওয়াসা।

মোঃ মনিউর রহমান খান
সচিব
ঢাকা ওয়াসা

০৩/০৭/২৫
DMD (HR & Admin)
(প্রশিক্ষণ কর্মকর্তা)

০৭/০৭/২৫
উপ-ব্যবস্থাপনা পরিচালক
মানবসম্পদ ও প্রশাসন

০৩/০৭/২৫
ব্যবস্থাপনা পরিচালক মহোদয়
মোঃ শাহজাহান মিয়া
অতিরিক্ত সচিব
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

ড. মুহা. মনিরুজ্জামান
উপ-ব্যবস্থাপনা পরিচালক (আরপিএডি)
(প্রশিক্ষণ কর্মকর্তা)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা।